## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (পরিবহন) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ০৯/২০২১ তারিখ - ৩১/০৩/২০২১ইং।

### বিজ্ঞপ্তি

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত বিপদজনক এবং রাসায়নিক পণ্যবাহী কন্টেইনার এবং বিপদজনক ও রাসায়নিক পণ্যের উপর ফ্রি টাইম এর পর ০৪(চার) গুণ বর্ধিত হারে রেন্ট আরোপ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপরোক্ত বিষয়ে ইতিপূর্বে জারীকৃত বিজ্ঞপ্তি নং- ০৮/২০২১, তারিখ- ২৩/০৩/২০২১ইং অনুযায়ী চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত বিপদজনক এবং রাসায়নিক পণ্যবাহী কন্টেইনার এবং বিপদজনক ও রাসায়নিক পণ্যের উপর ফ্রি টাইম এর পর ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট ০১/০৪/২০২১ইং তারিখ হতে কার্যকর হবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-ডিটি/ডব্লিউআর/১৬ (২য় খন্ড) গ-লুজ /১-১১ তারিখ -৩১/০৩/২০২১ইং।

অনুলিপিঃ-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। সদস্য (প্রশাঃ ও পরিঃ), চবক; সদস্য (অর্থ), চবক; সদস্য (প্রকৌশল), চবক; সদস্য ( হাঃ ও মেঃ), চবক।

২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।

৩। পি এস টু সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় এর সদয় অবগতির জন্য দেয়া গেল।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫। টার্মিনাল ম্যানেজার, চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলো।

৬। সিস্টেম এনালিস্ট, চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলো।

৭। ডিটিএম(অপাঃ), চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলো।

৮। সকল ট্রাফিক ইন্সপেক্টর, সকল ইউনিট ওয়ানষ্টপ সার্ভিস সেন্টার, এম-শেড, চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

৯। ম্যানেজার, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, ওয়ান ব্যাংক ও ব্র্যাক ব্যাংক, বন্দর শাখা, চট্টগ্রাম।

১০। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।

১১। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোঃ, চেম্বার হাউস (৩য় তলা), শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অবগতি ও ইহা তাহার সংস্থার সকল সদস্যদের মধ্যে বহুল প্রচারের জন্য দেয়া গেল।

১২। প্রেসিডেন্ট, চট্টগ্রাম কাষ্টম ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোঃ, সিএন্ডএফ টাওয়ার,(১২ তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।

১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা), যমুনা ভবনের পাশে, আনোয়ার ট্রেড সেন্টার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১৪। একান্ত সহকারী, চেয়ারম্যান, চবক। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

ডেপুটি ট্রাফিক ম্যানেজার(প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক(ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ০৮/২০২১ তারিখ - ২৩/০৩/২০২১ইং।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত বিপদজনক এবং রাসায়নিক পণ্যবাহী কন্টেইনার এবং বিপদজনক ও রাসায়নিক পণ্য বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

এতদ্বারা সকল আমদানীকারক, সিএন্ডএফ এজেন্ট ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত বিপদজনক এবং রাসায়নিক পণ্যবাহী কন্টেইনারসমূহ এবং বিপদজনক ও রাসায়নিক পণ্য আমদানীকারকগণ কর্তৃক বন্দর হতে ডেলিভারী গ্রহণে বিলম্ব হচ্ছে। এতে দেশের প্রধান সমুদ্র বন্দর হিসেবে চট্টগ্রাম বন্দর ঝুঁকির মধ্যে থাকছে। দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করে চট্টগ্রাম বন্দরের অপারেশন ঝুঁকিমুক্ত এবং নিরাপদ রাখার লক্ষ্যে অনতিবিলম্বে বন্দরে স্হিত আমদানীকৃত ক্যামিকেল ও হ্যাজাডার্স পণ্যবাহী কন্টেইনারসমূহ এবং ক্যামিকেল ও হ্যাজাডার্স পণ্য বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারী/সরিয়ে নেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। এ বিষয়ে চট্টগ্রাম বন্দর ও কাস্টমস কর্তৃপক্ষ সার্বক্ষণিকভাবে সহযোগিতা প্রদানের জন্য প্রস্তুত রয়েছে।

উল্লেখ্য, এ বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে আগামী ৩১ শে মার্চ ২০২১ তারিখ পর্যন্ত পরিস্হিতি পর্যবেক্ষণ করা হবে। উক্ত সময়ের মধ্যে এ ধরণের পণ্যের ডেলিভারীর পরিমাণ বৃদ্ধি না পেলে আগামী ০১/০৪/২০২১ইং তারিখ হতে আমদানীকৃত ক্যামিকেল ও হ্যাজাডার্স পণ্যবাহী কন্টেইনার এবং ক্যামিকেল ও হ্যাজাডার্স পণ্যের জন্য বন্দরে অবতরণের দিন হতে ০৪ (চার) দিন ফ্রি টাইম এর পর Regulations for Working of Chittagong Port (Cargo And Container), 2001এর ১৬০ ধারার আলোকে এ সমস্ত কন্টেইনার ও পণ্যের বন্দরের স্টোররেন্ট/গুদাম ভাড়ার উপর স্ল্যাব নির্বিশেষে ০৪(চার) গুণ বর্ধিত হারে রেন্ট আরোপে কর্তৃপক্ষ বাধ্য হবে। দেশের প্রধান সমুদ্র বন্দর হিসেবে চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা এবং সুষ্ঠু অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে বিষয়টি অতীব জরুরী।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

পরিচালক (ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-ডিটি/ডব্লিউআর/ ১৬ (২য় খন্ড) গ-লুজ /৭৪৩ তারিখ -২৩/০৩/২০২১ইং।

অনুলিপিঃ-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। সদস্য (প্রশাঃ ও পরিঃ), চবক; সদস্য (অর্থ), চবক; সদস্য (প্রকৌশল), চবক; সদস্য ( হাঃ ও মেঃ), চবক।

২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।

৩। পি এস টু সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় এর সদয় অবগতির জন্য দেয়া গেল।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫। টার্মিনাল ম্যানেজার, চবক।

৬। সিস্টেম এনালিস্ট, চবক।

৭। সকল ট্রাফিক ইন্সপেক্টর, সকল ইউনিট ওয়ান ষ্টপ সার্ভিস সেন্টার, এম শেড/চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য।

৮। ম্যানেজার, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, ওয়ান ব্যাংক ও ব্র্যাক ব্যাংক, বন্দর শাখা, চট্টগ্রাম।

৯। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।

১০। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোঃ, চেম্বার হাউস (৩য় তলা), শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অবগতি ও ইহা তাহার সংস্হার সকল সদস্যদের মধ্যে বহুল প্রচারের জন্য দেয়া গেল।

২২২৩
২৪/৩/২০২১

১১। প্রেসিডেন্ট, চট্টগ্রাম কাষ্টম ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোঃ, সিএন্ডএফ টাওয়ার,( ১২ তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।

১২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডাস এসোসিয়েশন (বাফা), যমুনা ভবনের পাশে, আনোয়ার ট্রেড সেন্টার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১৩। একান্ত সহকারী, চেয়ারম্যান, চবক। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

২৪.০৩.২০২১
ডেপুটি ট্রাফিক ম্যানেজার(প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ